দৈনিক বাংলা

তারিখ ... 18-8-84 ...
পৃষ্ঠা... ... ... কলাম... ... ...

021

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# এমফিল/পিএইচডি কোর্সে গবেষণা বৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি

তারিখ : ৯-৮-৮৪

১। এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানান যাইতেছে যে, অত্র বিশ্ববিদ্যালয়ে ১৯৮৪-৮৫ আর্থিক বৎসরে ২ (দুই) বৎসর মেয়াদী এমফিল/৩ (তিন) বৎসর মেয়াদী পিএইচডি কোর্সে অধ্যয়ন করার জন্য আনুমানিক ৩৪ (চৌত্রিশ) টি গবেষণা বৃত্তি প্রদান করা হইবে এবং তজ্জন্য দরখাস্ত আহ্বান করা হইতেছে।

২। প্রার্থীকে নির্ধারিত আবেদনপত্রের সঙ্গে তাহার নিজ গবেষণা সম্পর্কে অনধিক ১,০০০ (এক হাজার) শব্দের একটি রূপরেখা অবশ্যই প্রদান করিতে হইবে।

৩। চাকরিরত প্রার্থিগণকে অধ্যয়ন ছুটিতে থাকিতে হইবে এবং তাহারা গবেষণার কাজে সন্তোষজনক অগ্রগতি সম্পর্কিত নিজ নিজ সুপারভাইজারের সনদপত্রের ভিত্তিতে মাসিক ১,০০০/- টাকা হারে গবেষণা বৃত্তি পাইবেন। যাহারা চাকরিরত নন এবং অধ্যয়ন ছুটি পাইবেন না তাহাদিগকে মাসিক ১,৫০০/- টাকা হারে উক্ত গবেষণা বৃত্তি প্রদান করা হইবে।

৪। যাহাদিগকে উক্ত বৃত্তি প্রদান করা হইবে, তাহাদিগকে সংশ্লিষ্ট কোর্সে সর্বক্ষণিক ছাত্র/ছাত্রী হিসাবে কাজ করিতে হইবে। তবে গবেষণা বৃত্তি প্রাপ্ত শিক্ষক বা ছাত্র তাহার গবেষণা বৃত্তির মেয়াদকালে কোন চাকরি গ্রহণ করিবেন না বা গবেষণা কাজ পরিত্যাগ করিয়া অন্যত্র চলিয়া যাইতে পারিবেন না, অন্যথায় তাহাকে প্রদত্ত গবেষণা বৃত্তির সমুদয় অর্থ ফেরত দিতে হইবে এই মর্মে গবেষণা বৃত্তিপ্রাপ্ত শিক্ষক বা ছাত্রকে বিশ্ববিদ্যালয়ের সঙ্গে একটি চুক্তিপত্র সম্পাদন করিতে হইবে।

৫। যে সকল ছাত্র/শিক্ষক নিম্নোক্ত শিক্ষাগত যোগ্যতার অধিকারী, তাহারা নির্ধারিত আবেদনপত্রের মাধ্যমে যথা নিয়মে নিম্নস্বাক্ষরকারীর নিকট আগামী ২৭শে সেপ্টেম্বর ১৯৮৪ ইং তারিখের মধ্যে আবেদন করিতে পারেন এবং তাহাদের মধ্য হইতে আইনানুযায়ী এবং মেধানুযায়ী আনুমানিক ৩৪ (চৌত্রিশ) জনকে উক্ত বৃত্তি প্রদান করা হইবে।

**এমফিল কোর্সে ভর্তির শিক্ষাগত যোগ্যতা :**

যাহারা অত্র বিশ্ববিদ্যালয় হইতে অনার্স এবং মাস্টার ডিগ্রী পরীক্ষায় ২য় শ্রেণীতে পাস করিয়াছেন অথবা যাহারা সংশ্লিষ্ট বিষয়ে এই বিশ্ববিদ্যালয় কর্তৃক স্বীকৃত সমপর্যায়ভুক্ত ডিগ্রীধারী এবং যাহাদের সুষ্ঠু শিক্ষাজীবনের পটভূমি রহিয়াছে (অর্থাৎ অতীতের কোন পরীক্ষার ফলাফল ২য় শ্রেণীর নীচে নহে) তাহারা এমফিল কোর্সে অধ্যয়নার্থে গবেষণা বৃত্তির জন্য আবেদন করিতে পারিবেন।

অথবা

যাহারা এসএসসি অথবা এইচএসসি পরীক্ষার যে কোন ১টিতে ৩য় বিভাগে পাস করিয়াছেন এবং অনার্স অথবা মাস্টার্স ডিগ্রী পরীক্ষার যে কোন একটিতে ১ম শ্রেণীসহ অন্যান্য পরীক্ষায় কমপক্ষে ২য় শ্রেণী লাভ করিয়াছেন তাহারাও এমফিল কোর্সে অধ্যয়নার্থে গবেষণা বৃত্তির জন্য আবেদন করিতে পারিবেন।

অথবা

যাহাদের অনার্স ডিগ্রী নাই কিন্তু ডিগ্রী পাস পরীক্ষা অথবা মাস্টার ডিগ্রী পরীক্ষার যে কোন একটিতে ১ম শ্রেণীসহ অন্যান্য পরীক্ষায় কমপক্ষে ২য় শ্রেণী লাভ করিয়াছেন তাহারাও এমফিল কোর্সে অধ্যয়নার্থে গবেষণা বৃত্তির জন্য আবেদন করিতে পারিবেন।

**পিএইচডি কোর্সে ভর্তির শিক্ষাগত যোগ্যতা**

এই বিশ্ববিদ্যালয়ের অথবা এই বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত অন্য বিশ্ববিদ্যালয়ের এমফিল ডিগ্রীধারী প্রার্থীরা সংশ্লিষ্ট বিভাগের সুপারিশক্রমে উক্ত বৃত্তির জন্য যথা নিয়মে আবেদন করিতে পারিবেন।

অথবা

অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে অত্র বিশ্ববিদ্যালয়ের যে সকল শিক্ষক/শিক্ষিকার এই বিশ্ববিদ্যালয়ে কমপক্ষে ৩ (তিন) বৎসরের অধ্যাপনার অভিজ্ঞতা আছে তাঁহারা উক্ত বৃত্তির জন্য যথানিয়মে আবেদন করিতে পারিবেন।

অথবা

অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে যে সকল প্রার্থী অনার্স অথবা স্নাতকোত্তর পরীক্ষা কমপক্ষে প্রথম শ্রেণীতে পাস করিয়াছেন, তাহারা উক্ত বৃত্তির জন্য নিয়মানুযায়ী আবেদন করিতে পারিবেন।

৬। ভর্তিকৃত ছাত্র-ছাত্রীরা বিশ্ববিদ্যালয়ের এমফিল/পিএইচডি বিধি/অর্ডিন্যান্স, ১৯৭৩ সালের চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এ্যাক্ট-এর বিধানসমূহ, অথবা এই বিষয়ে অত্র বিশ্ববিদ্যালয়ের সিনেট, সিন্ডিকেট, একাডেমিক কাউন্সিল ও ভাইস-চ্যান্সেলর কর্তৃক সময় সময় প্রণয়নকৃত বিধি/সিদ্ধান্তানুযায়ী পরিচালিত হইবেন।

৭। নির্ধারিত ফরমের ফিস বাবত রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের নামে ক্রসকৃত ২০/- (বিশ) টাকার অগ্রণী ব্যাংক, ফতেয়াবাদ শাখা অথবা জনতা ব্যাংক ফতেপুর শাখার বরাবরে ব্যাংক ড্রাফট ব্যক্তিগতভাবে অথবা ডাকযোগে নিম্নস্বাক্ষরকারীর নিকট ছুটির দিন ব্যতীত অফিস চলাকালে জমা দান করিয়া উক্ত ফরম, গবেষণা বৃত্তির নিয়ম কানুনের কপি ও এমফিল/পিএইচডি অর্ডিন্যান্সের কপি ও অন্যান্য সংশ্লিষ্ট নিয়মাবলী ও তথ্যাবলী সংগ্রহ করিতে হইবে।

৮। উক্ত তারিখের পর এবং ফি ছাড়া কোন দরখাস্ত বিবেচনা করা হইবে না।

৯। চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে। অন্যথায় ইহা বিবেচিত হইবে না।

১০। উপরে বর্ণিত গবেষণা বৃত্তির উদ্দেশ্য হইতেছে এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের অথবা এই বিশ্ববিদ্যালয়সহ অন্য কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর পর্যায়ে পাস করা মেধাবী ছাত্রদেরকে এমফিল অথবা পিএইচডি ডিগ্রীর জন্য গবেষণার সুযোগ দান। সাধারণত এই গবেষণা বৃত্তি এই বিশ্ববিদ্যালয়ে গবেষণা করিবার জন্য প্রদান করা হইবে, তবে এই বিশ্ববিদ্যালয়ে যদি বিশেষ ক্ষেত্রে গবেষণার সুযোগ-সুবিধা না থাকে তাহা হইলে এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ অন্য কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে অথবা গবেষণা প্রতিষ্ঠানে গবেষণা করিবার জন্য এই বৃত্তি ভোগ করিতে পারিবেন।

(আ রশীদ)
রেজিস্ট্রার
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

জি—২৭৭০